ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৮৫

আগরতলা, ১৫ আগস্ট,২০২৫

**স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান**

৭৯তম স্বাধীনতা দিবসে বিভিন্ন কর্মসূচির অঙ্গ হিসেবে আজ টাউনহলে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই সাংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা দেশমাতৃকার প্রতি শ্রদ্ধা জানিয়ে দেশাত্মবোধক গান, নৃত্য, নৃত্যনাট্য, সমবেত আবৃত্তি, যোগা, ককবরক গান এবং দেশাত্মবোধক ব্যান্ডের অনুষ্ঠান পরিবেশন করেন।

*****